# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2019

## CC1-BENGALI

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) মনসামঙ্গলের আদি কবি কে ? চৈতন্যদেবের প্রেমধর্মের প্রবর্তনায় মনসামঙ্গলে কি ধরনের পরিবর্তন সাধিত হয়েছিল তার কয়েকটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(খ) বাংলা ভাষায় রচিত তিনটি চৈতন্য জীবনীগ্রন্থের নাম ও রচয়িতার নাম উল্লেখ করো।

(গ) চর্যাপদের টীকাকার কে ? তাঁর টীকাগ্রন্থের নাম কি ? এখানে কতগুলি পদের টীকা আছে ?

(ঘ) কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি কোন্ রাজার পৃষ্ঠপোষকতায় রচিত ? কাব্যটির খণ্ড সংখ্যা ও খণ্ড-গুলির নাম উল্লেখ করো।

(ঙ) 'মৃগলুব্ধ' এর পুঁথিগুলি কোথা থেকে আবিষ্কৃত হয় ? এই রচনাটির বিষয়বস্তু কি ছিলো ?

(চ) পরাগলী মহাভারতের রচয়িতা কে ? এই গ্রন্থটির নামকরণ এমন কেন হয়েছে ? এই গ্রন্থের রচনায় মহাভারতের কোন অংশের সাহায্য নেওয়া হয়েছে ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মঙ্গলকাব্যের উদ্ভবের কারণ কি ? মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) নাথ সাহিত্যের প্রধান ধারা কতগুলি ? যে কোনো একটি ধারার সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) আরাকান রোসাঙ্গ রাজসভার যে কোনো একজন কবির কাব্যকৃতির মূল্যায়ন করো।

(ঘ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

চন্দ্রাবতীর রামায়ণ, রামপ্রসাদ সেন।

(ঙ) ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় কাব্য' বলা কতটা যুক্তিসঙ্গত বলে তুমি মনে করো ?

(চ) চর্যাপদ পূর্ববর্তী বাঙালির সাহিত্যচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে ? তাঁর মহাভারতের শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করো।

(খ) শাক্তপদাবলী উদ্ভবের কারণ কি ? এই ধারার একজন কবির পদাবলীর মূল্যায়ন করো।

(গ) চর্যাপদের সাহিত্যমূল্য ও ঐতিহাসিক গুরুত্ব বিচার করো।

(ঘ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির কাব্যের রসগ্রাহী আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2019

## CC2-BENGALI

### মধ্যযুগের কাব্য ও কবিতা

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) অনুরাগ কাকে বলে ? পূর্বরাগের সঙ্গে অনুরাগের পার্থক্য লেখো।

(খ) "দরশ পরশ লাগি আউলাইছে গা॥"– পদাংশটি কোন্ পদপর্যায়ের ? এখানে যে ভাব-ব্যাকুলতা প্রকাশিত হয়েছে, তা ব্যক্ত করো।

(গ) "তুমি কি দোষে করিলে আমায়, ছ'টা কলুর অনুগত।" – এখানে 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে ? 'ছ' টা কলু'র ব্যঞ্জনার্থ নির্দেশ করো।

(ঘ) 'পূর্ব-আগমনী' ও 'পর-আগমনী' বলতে কী বোঝো ?

(ঙ) কৃত্তিবাসী রামায়ণের উত্তরাকাণ্ড অবলম্বনে বিবাহযোগ্যা নিকষার যে রূপবর্ণনার পরিচয় কবি দিয়েছেন, তা উল্লেখ করো।

(চ) বেদবতী কে ? তিনি কেন, কীভাবে মৃত্যুবরণ করেছিলেন ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'মাথুরের ঘনতম অবস্থাই ভাবসম্মিলন' – বক্তব্যটির ভাবগত তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'মাধব বহুত মিনতি করি তোয়' – শীর্ষক পদটিতে বিদ্যাপতির কবি স্বভাবের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

(গ) 'ওরে নবমী নিশি না হইও রে অবসান' – শীর্ষক পদটিতে মাতৃহৃদয়ের যে ব্যাকুলতা প্রকটিত হয়েছে, তার স্বরূপ ব্যক্ত করো।

(ঘ) 'গিরি, এবার আমার উমা এলে।' – শীর্ষক পদটিতে মা মেনকা চরিত্র যেভাবে প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো।

(ঙ) কৃত্তিবাসী রামায়ণ অবলম্বনে 'সীতার পাতাল প্রবেশ' অংশটি নিজের ভাষায় বর্ণনা করো।

(চ) বনবাসকালে রামচন্দ্রের দেওয়া সমস্ত ফল লক্ষ্মণ প্রত্যর্পণ করতে পারলেও কোন্ ছয় দিনের ফল কেন সে রামচন্দ্রকে প্রত্যর্পণ করতে পারে নি ?

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) মাথুর কাকে বলে ? তোমার পাঠ্যপদ অবলম্বনে মাথুর পদপর্যায়ে বিদ্যাপতির কৃতিত্ব আলোচনা করো।

(খ) 'ভক্তের আকুতি' বলতে কী বোঝো ? 'ভক্তের আকুতি' পর্যায়ে সামাজিক জীবনের প্রেক্ষাপটে আধ্যাত্মিক আকুলতা কীভাবে ব্যক্ত হয়েছে, আলোচনা করো।

(গ) কৃত্তিবাসী রামায়ণের উত্তরা কাণ্ডে বাঙালির লোকজীবন ও লোকসংস্কৃতির যে পরিচয় ফুটে উঠেছে, তা নিজের ভাষায় লেখো।

(ঘ) কৃত্তিবাসী রামায়ণের উত্তরা কাণ্ড অবলম্বনে সীতা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।

——×——